

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর  
গাজীপুর-১৭০৭



## ভর্তি বিষয়ক তথ্যাবলী (প্রসপেক্টাস)

১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং ও ব্যাচেলর অব আর্কিটেকচার (বি.আর্ক) প্রোগ্রামে ভর্তি পরীক্ষা-২০২৫

শিক্ষাবর্ষ : ২০২৪-২০২৫

## ১। ভূমিকা

রাজধানী ঢাকা হইতে প্রায় ৪০ কিলোমিটার উত্তরে গাজীপুর জেলার ভাওয়ালের গড় এলাকায় ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর অবস্থিত। ১৯৮০ সালে ঢাকার তেজগাঁও শিল্প এলাকায় “কলেজ অব ইঞ্জিনিয়ারিং” নামে এর অগ্রযাত্রা শুরু হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রতিষ্ঠানটি ১৯৮১ সালে নাম পরিবর্তিত হইয়া “ঢাকা ইঞ্জিনিয়ারিং কলেজ” নামে আত্মপ্রকাশ করে।

প্রকৌশল শিক্ষার মানোন্নয়ন ও গবেষণার সুযোগ বৃদ্ধির লক্ষ্যে ১ জুলাই ১৯৮৬ হইতে ঢাকা ইঞ্জিনিয়ারিং কলেজকে ডিগ্রি প্রদানকারী স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান “বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি (বিআইটি), ঢাকা”-তে রূপান্তরিত করা হয়। প্রকৌশল ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে উচ্চ শিক্ষা ও গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও শিক্ষার সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের নিমিত্তে ১ সেপ্টেম্বর ২০০৩ সনের ৩৪ নং আইন বলে “বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি, ঢাকা”-কে উন্নীত ও রূপান্তরের মাধ্যমে “ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” নামে বিশ্ববিদ্যালয় হিসাবে যাত্রা শুরু করে। বর্তমানে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এ স্নাতক পর্যায়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ও ব্যাচেলর অব আর্কিটেকচার (বি.আর্ক) এবং স্নাতকোত্তর পর্যায়ে এম ইঞ্জিনিয়ারিং/এম এসসি ইঞ্জিনিয়ারিং/এমফিল/পিজিডি ও পিএইচডি ডিগ্রি প্রদান করা হইতেছে। ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এ কেবলমাত্র ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার-এ পাশকৃত শিক্ষার্থীদেরকে ভর্তি পরীক্ষার মাধ্যমে ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং ও ব্যাচেলর অব আর্কিটেকচার (বি.আর্ক) প্রোগ্রামে ভর্তি করা হয়।

## ২। ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এ বিভিন্ন অনুষদের বিভাগ সমূহে ২০২৪-২০২৫ শিক্ষা বর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং ও ব্যাচেলর অব আর্কিটেকচার (বি.আর্ক) প্রোগ্রামে ভর্তির জন্য ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী বাছাই করা হইবে। এই নিমিত্তে উপযুক্ত প্রার্থীদের নিকট হইতে অনলাইন এর মাধ্যমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

Online Application Form ও ভর্তি বিষয়ক তথ্যাবলী <http://admission.duetbd.org/> এ পাওয়া যাইবে। ভর্তি পরীক্ষার আবেদন ফি বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত টাকা মাত্র) টাকা Rocket/bKash/Agrani Education Fee Pay মোবাইল/ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করিতে হইবে।

### প্রার্থীর সাধারণ ও শিক্ষাগত যোগ্যতাঃ

- ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে;
- খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল বা সমমানের পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বর অথবা ৫.০০ এর স্কেলে ন্যূনতম GPA ৩.০০ (ঐচ্ছিক বিষয়সহ) পাইয়া উত্তীর্ণ হইতে হইবে;
- গ) প্রার্থীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার এ গড়ে ন্যূনতম ৬০% নম্বর অথবা ৪.০০ এর স্কেলে ন্যূনতম CGPA ৩.০০ পাইয়া উত্তীর্ণ হইতে হইবে;
- ঘ) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার পরীক্ষা ২০২৩ ও তৎপরবর্তী সনে উত্তীর্ণ শিক্ষার্থীরাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। তবে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, সেক্টর কর্পোরেশন-এ শিক্ষকতা সহ অন্যান্য পদে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হইবে না;
- ঙ) ভর্তি পরীক্ষা-২০২৫ (শিক্ষাবর্ষ : ২০২৪-২০২৫) প্রসপেক্টাস এর ৪(ক) ছক অনুযায়ী উল্লেখিত বিভাগ সমূহে ভর্তির জন্য আবেদন করা যাইবে;
- চ) একাধিক বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রার্থীকে পৃথক পৃথক ভাবে আবেদন করিতে হইবে। তবে ME/IPE/MME বিভাগে আবেদনকারীদের জন্য একটি মাত্র আবেদন করিতে হইবে এবং উক্ত তিন বিভাগের জন্য পছন্দক্রম নির্বাচন করিতে হইবে;
- ছ) চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে;
- জ) বিদেশী শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রার্থীকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করিতে হইবে। উল্লেখ্য, অনলাইনে ভর্তির প্রক্রিয়া বিদেশী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য নহে। তবে বিদেশী শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য <http://www.duet.ac.bd/admission/undergraduate/rules-foreign-students> হইতে সংগ্রহ করা যাইবে।

অনলাইন নির্দেশনা অনুযায়ী এবং Rocket/bKash/Agrani Education Fee Pay-এ ভর্তি ফি প্রদানের মাধ্যমে প্রার্থীগণ ২৮/০৫/২০২৫ খ্রিঃ বুধবার সকাল ০৮:০০ ঘটিকা হইতে ৩০/০৬/২০২৫ খ্রিঃ সোমবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত আবেদন করিতে পারিবে।

**ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচী :**

বিভাগ	তারিখ ও বার	সময়
সিভিল ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/মেটেরিয়ালস এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার	১০/০৮/২০২৫ খ্রিঃ (রবিবার)	<b>সকাল</b> MCQ (১ম ও ২য় পত্র) : ০৯:৩০-১০:৩০ ঘটিকা লিখিত ১ম পত্র : ১০:৩০-১১:১৫ ঘটিকা লিখিত ২য় পত্র : ১১:১৫-১২:০০ ঘটিকা
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ফুড ইঞ্জিনিয়ারিং/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং		<b>দুপুর</b> MCQ (১ম ও ২য় পত্র) : ০২:০০-০৩:০০ ঘটিকা লিখিত ১ম পত্র : ০৩:০০-০৩:৪৫ ঘটিকা লিখিত ২য় পত্র : ০৩:৪৫-০৪:৩০ ঘটিকা

**বিঃ দ্রঃ** MCQ (১ম ও ২য় পত্র) এর পরীক্ষা OMR Sheet এর মাধ্যমে হইবে। সময়সূচির কোন পরিবর্তন হইলে তাহা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

**৩। আবেদন প্রক্রিয়া**

**৩.১। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হইবার তারিখ ও সময়:**

- ক) ২৮/০৫/২০২৫ খ্রিঃ সকাল ০৮:০০ ঘটিকা হইতে অনলাইনে আবেদনপত্র দাখিল এবং আবেদন ফি জমাদান শুরু হইবে।  
খ) ৩০/০৬/২০২৫ খ্রিঃ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র দাখিল এবং আবেদন ফি জমাদান সম্পন্ন করিতে হইবে।




**৩.২। অনলাইনে আবেদন প্রক্রিয়া:**

**গুরুত্বপূর্ণ নির্দেশনা :** প্রার্থীকে Undergraduate Admission System (UAS) <http://admission.duetbd.org/> Web Address এর মাধ্যমে DUET কর্তৃক নির্ধারিত আবেদন ফি প্রদান পূর্বক Online Application Form পূরণ করিতে হইবে। ফরম পূরণের পূর্বে প্রার্থীকে Prospectus এর সকল নির্দেশনা অনুসরণ পূর্বক Application Form এর প্রতিটি Field পূরণ করিতে হইবে এবং Star (\*) চিহ্নিত Field সমূহ অবশ্যই পূরণ করিতে হইবে।

**ধাপ-১ :** প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের UAS (<http://admission.duetbd.org/>) Website এ প্রবেশ করিয়া Apply Now মেনু হইতে প্রদর্শিত প্রসপেক্টাস-এ উল্লেখিত সকল তথ্যের সাথে একমত পোষন পূর্বক Declaration অংশের সকল Check Box টিক চিহ্ন দিয়া “I Agree” বাটনে ক্লিক করিলে মোবাইল Number Verification এর একটি Webpage প্রদর্শিত হইবে।

**ধাপ-২ :** প্রদর্শিত Webpage এ মোবাইল Number প্রদান করে চেকবক্স এ চেক করিয়া Send Code বাটনে ক্লিক করিলে প্রদত্ত নম্বরে একটি ছয় ডিজিটের ভেরিফিকেশন কোড পাঠানো হইবে, যা Enter Vrfication Code Box এ প্রদান করিয়া Verify Code & Next বাটনে ক্লিক করিলে মোবাইল Number যাচাই সম্পন্ন হইবে এবং Password ও Payment ID সম্বলিত একটি Webpage প্রদর্শিত হইবে।

উক্ত Payment ID ব্যবহার করিয়া আবেদন ফি প্রদান করিতে হইবে। পরবর্তীতে, মোবাইল নম্বর ও System Generated Password দিয়ে UAS সিস্টেমে Login করা যাইবে। এখানে উল্লেখ্য যে, একটি মোবাইল নম্বর একাধিক আবেদনকারীর জন্য ব্যবহারযোগ্য নয়।


Payment Options					
 App Based		 App Based		 App Based	
Bkash Channels	Surcharge Commission	Rocket Channels	Surcharge Commission	Agrani Channels	Surcharge Commission
Bkash	1%	Rocket	1%	Using Agrani Bank Account	0%
				Visa/Master Card/Nexus	1.3%
				American Express	1.3%
				MFS / Wallet	1.3%
				Internet Banking	1.3%

**চিত্র-১: Payment Information**

ধাপ-৩ : ভর্তি পরীক্ষার আবেদন ফি প্রদান এর ক্ষেত্রে Rocket/bKash/Agrani Education Fee Pay মোবাইল/ইন্টারনেট ব্যাংকিং এর যেকোন একটি Payment Method অনুসরণ করে Payment সম্পন্ন করিতে হইবে।

### Application Fee Payment through “Rocket”


The Application Fee of Tk. 1,500/- should be paid through “Rocket” Mobile Banking. Detailed instructions are given by the following diagram:



চিত্র-২(ক): “Rocket” Mobile Banking Payment পদ্ধতি

### Application Fee Payment through “bKash”

The Application Fee of Tk. 1,500/- should be paid through “bKash” Mobile Banking. Detailed instructions are given by the following diagram:



চিত্র-২(খ): “bKash” Mobile Banking Payment পদ্ধতি

## Application Fee Payment through “Agrani Education Fee Pay”

The Application Fee of Tk. 1,500/- should be paid through “Agrani Education Fee Pay” Mobile Banking.

Detailed instructions are given by the following diagram:

The diagram illustrates the process of paying the application fee through the Agrani Education Fee Pay mobile banking app. The steps are as follows:

- Step 1: Login** - The user enters their ID (DUET1234567) and password to log in.
- Step 2: Home Screen** - The user is redirected to the home screen, which displays the app's logo and navigation options.
- Step 3: Transaction Selection** - The user selects the transaction type (e.g., Education Fee) from the list.
- Step 4: Transaction Details** - The user views the details of the selected transaction, including the amount (Tk. 1,450.00) and the reference number.
- Step 5: Payment Receipt** - The user receives a payment receipt showing the transaction details and the amount paid.
- Step 6: Transaction Confirmation** - The user confirms the transaction, and a green checkmark is displayed.
- Step 7: Transaction History** - The user can view a list of all transactions, including the amount and the reference number.
- Step 8: Transaction Confirmation** - The user confirms the transaction, and a green checkmark is displayed.

চিত্র-২(গ): “Agrani Education Fee Pay” থেকে Mobile Banking Payment পদ্ধতি

**ধাপ-৪ :** পেমেন্ট সম্পন্ন করিবার পর অনলাইনে আবেদনের জন্য প্রার্থীকে UAS (<http://admission.duetbd.org/>) Website-এর Login মেনু হইতে প্রদর্শিত Login Page-এ প্রদত্ত মোবাইল Number এবং প্রাপ্ত Password প্রদান করিয়া Login বাটনে ক্লিক করিলে প্রার্থীর Educational Information সংক্রান্ত Form প্রদর্শিত হইবে।

**ধাপ-৫ :** উক্ত Form-এ আবেদনকারী মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল বা সমমানের পরীক্ষা ও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি প্রদান পূর্বক Verify বাটনে ক্লিক করিতে হইবে। উল্লেখ্য, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল বা সমমানের পরীক্ষার তথ্যাদি Teletalk কর্তৃক এবং ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি Bangladesh Technical Education Board (BTEB) কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে যাচাই হইবে। আবেদনকারী ভুল তথ্য প্রদান করিলে পরবর্তী ধাপে যাইতে পারিবে না।

**ধাপ-৬ :** SSC ও Diploma-এর তথ্য সফলভাবে সম্পন্ন হওয়ার পর আবেদনকারীকে বিভাগ নির্বাচন ও Personal তথ্যাদি যথাযথভাবে পূরণ করিতে হইবে। ME/IPE/MME বিভাগে আবেদনকারীদের ক্ষেত্রে উক্ত তিন বিভাগের জন্য পছন্দক্রম নির্বাচন করিতে হইবে।

- এনভায়রনমেন্টাল টেকনোলজিতে পাশকৃত আবেদনকারীরা (i) সিভিল ইঞ্জিনিয়ারিং ও (ii) কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। তবে সেইক্ষেত্রে (i) ও (ii) তে অবশ্যই পৃথক পৃথক আবেদন করিতে হইবে।
- ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল টেকনোলজিতে পাশকৃত আবেদনকারীরা (iii) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ও (iv) ME/IPE/MME তে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। তবে সেইক্ষেত্রে (iii) ও (iv) এ অবশ্যই পৃথক পৃথক আবেদন করিতে হইবে।
- মেকানিক্যাল / পাওয়ার / রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং / অটোমোবাইল / মেকাট্রনিক্স / সিরামিক / গ্লাস / শিপ বিল্ডিং / মেরিন / মাইনিং এবং মাইন সার্ভে টেকনোলজিতে পাশকৃত আবেদনকারীরা (v) কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ও (vi) ME/IPE/MME-এ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে তবে সেইক্ষেত্রে (v) ও (vi) তে অবশ্যই পৃথক পৃথক আবেদন করিতে হইবে।

Star (\*) চিহ্নিত Field সমূহ পূরণ করা আবশ্যিকীয়। আবেদনকারীকে Photo ও Signature Upload করিতে হইবে। Photo এর ফরম্যাট: .png, .jpg, .jpeg; pixel: 250 × 250; সাইজ: সর্বোচ্চ ১০০ কিলোবাইট এবং Signature এর ফরম্যাট: .png, .jpg, .jpeg; Pixel: 250 × 50; সাইজ: সর্বোচ্চ ১০০ কিলোবাইটের হইতে হইবে। ইহা ছাড়া NID অথবা Birth Registration সংক্রান্ত ফাইলও আপলোড করিতে হইবে। Quota আবেদনকারীদের ক্ষেত্রে আবেদনকারী i) মুক্তিযোদ্ধা (Freedom Fighter) এর সন্তান হইলে Freedom Fighter's Son/Daughter অপশন, ii) উপজাতি (Tribal) হইলে Tribal অপশন, এবং iii) জুলাই-আগস্ট ছাত্র জনতার গণঅভ্যুত্থানে গেজেটভুক্ত শহিদ এবং আহত ব্যক্তিদের পরিবারের সদস্য হইলে Govt. Gazetted July Revolution Victim অপশন নির্বাচন করিতে হইবে। আবেদনকারীর কোন Quota না থাকিলে None অপশন নির্বাচন করিতে হইবে। কোন আবেদনকারী মুক্তিযোদ্ধা (Freedom Fighter) বা উপজাতি (Tribal) কোটায় আবেদন করিলে নিম্নে বর্ণিত সংশ্লিষ্ট সার্টিফিকেট/কাগজ-পত্রাদি এর সত্যায়িত কপিসমূহ একটি মাত্র ফাইলে আপলোড করিতে হইবে (ফাইলের সাইজ সর্বোচ্চ ০৫ মেগাবাইট এবং \*.pdf ফরম্যাটের হইতে হইবে)। তবে, জুলাই-আগস্ট ছাত্র জনতার গণঅভ্যুত্থানে গেজেটভুক্ত শহিদ এবং আহত ব্যক্তিদের পরিবারের সদস্যদের আবেদনের ক্ষেত্রে সরকার কর্তৃক সিদ্ধান্ত হওয়া সাপেক্ষে প্রয়োজনীয় ডকুমেন্টস্ পরবর্তীতে দাখিল করিতে হইবে।

মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে নিম্নলিখিত ডকুমেন্ট সমূহ স্ক্যান করিয়া আপলোড করিতে হইবে:

- মুক্তিযোদ্ধার সাময়িক সনদপত্র।
- স্থানীয় মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল প্রদত্ত সনদপত্র।
- স্থানীয় সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের মেয়র/চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র।

উপজাতি কোটায় আবেদনের ক্ষেত্রে নিম্নলিখিত ডকুমেন্ট সমূহ স্ক্যান করে আপলোড করিতে হইবে:

- জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র।
- রাজা প্রদত্ত সনদপত্র।

**ধাপ-৭ :** এ সকল তথ্য প্রদান পূর্বক Preview Application বাটনে ক্লিক করিলে প্রদর্শিত Webpage হইতে তথ্যসমূহ Preview করা যাইবে। তথ্য যাচাই করিয়া Declaration Check Box-এ টিক চিহ্ন দিয়া Final Submit বাটনে Click করিলে প্রার্থীর আবেদন প্রক্রিয়া সম্পন্ন হইবে। এখানে উল্লেখ্য যে, **Final Submit** করিবার পর প্রদত্ত তথ্যাদি আর পরিবর্তন করা যাইবে না।

**ধাপ-৮ :** Application Process সফলভাবে সম্পন্ন হওয়ার পর Preview, Download Admit সম্বলিত একটি page প্রদর্শিত হইবে।

দ্বিতীয়বার আবেদনের ক্ষেত্রে “Apply for another department” এ ক্লিক করিয়া বিভাগ নির্বাচন করিবার পর পেমেন্ট সংক্রান্ত তথ্য প্রদর্শিত হইবে এবং উক্ত তথ্য মোবাইল নম্বরেও SMS এর মাধ্যমে পাঠানো হইবে। পরবর্তীতে ধাপ-৩ অনুযায়ী পেমেন্ট সম্পন্ন করিলে আবেদনটি সম্পন্ন হইবে।

আগামী ২৪/০৭/২০২৫ খ্রিঃ বৃহস্পতিবার যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশিত হইবার পর এডমিট কার্ড ডাউনলোড করা যাইবে। Webpage এ প্রদর্শিত Download Admit বাটনে ক্লিক করিয়া Admit Card টি Download করিতে হইবে এবং আবেদনকারীকে ইহা সংরক্ষণ করিতে হইবে। পরীক্ষার দিন অবশ্যই Admit Card টি সঙ্গে আনিতে হইবে।

### ৩.৩ হেল্প-লাইন (Helpline):

আবেদন সংক্রান্ত যেকোন সমস্যার ক্ষেত্রে [admission@duet.ac.bd](mailto:admission@duet.ac.bd) অ্যাড্রেসে ই-মেইল করিতে হইবে। ইহা ছাড়া অফিস সময়ের (সকাল ০৮:০০ ঘটিকা থেকে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত) মধ্যে +8801724784796 অথবা +8801622861948 নম্বরে যোগাযোগ এর মাধ্যমেও প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া যাইবে।

### ৩.৪ ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজ-পত্রাদির তালিকা:

ভর্তি পরীক্ষায় নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজ-পত্রাদির মূল কপি ও ফটোকপির সত্যায়িত এক কপি সঙ্গে আনিতে হইবেঃ

- ১) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ২) আপলোডকৃত ছবির পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি।
- ৩) মাধ্যমিক/সমমান পরীক্ষার সার্টিফিকেট।
- ৪) মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র/গ্রেডশীট।
- ৫) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/৮ম পর্ব পরীক্ষার নম্বরপত্র/গ্রেডশীট।
- ৬) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার পরীক্ষার সার্টিফিকেট।
- ৭) সংশ্লিষ্ট সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান হইতে প্রাপ্ত প্রশংসাপত্র।
- ৮) চাকুরীরত প্রার্থীর নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ৯) ক) জেলা প্রশাসক/সংশ্লিষ্ট উপজাতীয় গোত্রের প্রধান/রাজা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত উপজাতি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।  
খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)। মুক্তিযোদ্ধার সন্তান প্রমাণের সার্টিফিকেট হিসেবে প্রার্থীর জন্ম নিবন্ধন সনদপত্র/জাতীয় পরিচয় পত্র, পিতা/মাতার জাতীয় পরিচয় পত্র, থানা/উপজেলা/জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। আবেদনের সময় আপলোডকৃত সকল ডকুমেন্টের মূল কপি।  
গ) গত ৩০-০১-২০২৫ তারিখে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদ-বৈঠক/মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণীর ৯.১ ক্রমিকের আলোচনা ও ১০.১ ক্রমিকের সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে মুক্তিযোদ্ধার সন্তান কোটার বিষয়ে উচ্চ আদালতে বিদ্যমান রিট মামলা নিষ্পত্তি সাপেক্ষে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরঙ্গনার সন্তান কোটা বাতিল হইবে।  
ঘ) জুলাই-আগস্ট ছাত্র জনতার গণঅভ্যুত্থানে গেজেটভুক্ত শহিদ এবং আহত ব্যক্তিদের পরিবারের সদস্যদের জন্য শুধুমাত্র ২০২৫ সালে সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে বিশেষ সুবিধা প্রদান করা যাইবে। শিক্ষা মন্ত্রণালয় এই বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে। সরকার কর্তৃক সিদ্ধান্ত হওয়া সাপেক্ষে প্রয়োজনীয় ডকুমেন্টস্ পরবর্তীতে দাখিল করিতে হইবে।
- ১০) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির জন্য এনভায়রনমেন্টাল টেকনোলজির নিম্নবর্ণিত ঐচ্ছিক বিষয়সমূহের নম্বর পত্র/গ্রেড সীট প্রদর্শন করিতে হইবে : Civil Engineering Drawing-I, Construction Process-I, Transportation Engineering-I।
- ১১) উপরোক্ত সকল Document এর মূল কপির সহিত এক সেট সত্যায়িত ফটোকপি সঙ্গে আনিতে হইবে।

আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি ভুল প্রমাণিত হইলে আবেদনপত্র সরাসরি বাতিল হইয়া যাইবে। অধিকন্তু, এই ধরনের প্রার্থী ভুলবশতঃ ভর্তি হইলে এবং ভবিষ্যতে উহা প্রকাশ পাইলে তাহাদেরও ভর্তি বাতিল হইয়া যাইবে।

## ৪। ভর্তি পরীক্ষা

ক) ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এ নিম্ন ছকভুক্ত বিভাগ সমূহে শিক্ষার্থীদেরকে প্রথম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং/ব্যাচেলর অব আর্কিটেকচার (বি.আর্ক) প্রোগ্রামে ভর্তি করা হইবে :

বিভাগ সমূহ	আবেদন এর জন্য ডিপ্লোমা লেভেলের টেকনোলজী সমূহ
সিভিল ইঞ্জিনিয়ারিং	সিভিল / সার্ভেয়িং / এনভায়রনমেন্টাল (নির্ধারিত ঐচ্ছিক বিষয়সমূহে পাশসহ) / সিভিল (উড) / কনস্ট্রাকশন টেকনোলজিতে ডিপ্লোমা।
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	ইলেকট্রিক্যাল / ইলেকট্রোমেডিকেল / ইলেকট্রনিক্স / ইনস্ট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল / টেলিকমিউনিকেশন টেকনোলজিতে ডিপ্লোমা।
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/মেটেরিয়ালস এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং	মেকানিক্যাল / পাওয়ার / রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং / ইনস্ট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল / অটোমোবাইল / মেকট্রনিক্স / সিরামিক / গ্লাস / শিপ বিল্ডিং / মেরিন / মাইনিং এবং মাইন সার্ভে টেকনোলজিতে ডিপ্লোমা।
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি / কম্পিউটার / ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং / গ্রাফিক্স ডিজাইন / প্রিন্টিং টেকনোলজিতে ডিপ্লোমা।
টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	টেক্সটাইল / জুট / গার্মেন্টস এন্ড প্যাটার্ন মেকিং টেকনোলজিতে ডিপ্লোমা।
আর্কিটেকচার	আর্কিটেকচার / আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন টেকনোলজিতে ডিপ্লোমা।
কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং	কেমিক্যাল / মেকানিক্যাল / পাওয়ার / রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং / ইনস্ট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল / অটোমোবাইল / মেকট্রনিক্স / সিরামিক / গ্লাস / শিপ বিল্ডিং / মেরিন / মাইনিং এবং মাইন সার্ভে / এনভায়রনমেন্টাল টেকনোলজিতে ডিপ্লোমা।
ফুড ইঞ্জিনিয়ারিং	ফুড টেকনোলজিতে ডিপ্লোমা।

খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের তালিকা নির্দিষ্ট তারিখে আবেদনের ক্রমিক নম্বর অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে দেওয়া হইবে।

গ) প্রশ্নপত্র সম্বলিত উত্তরপত্র বিশ্ববিদ্যালয় হইতে সরবরাহ করা হইবে।

ঘ) পরীক্ষার জন্য প্রয়োজনীয় সামগ্রী প্রার্থীকে সঙ্গে আনিতে হইবে। পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাইবে। তবে প্রোগ্রামেবল ক্যালকুলেটরসহ কোন প্রকার স্মার্ট ডিভাইস সঙ্গে আনা যাইবে না।

ঙ) পরীক্ষার হলে যেকোন প্রকার মোবাইল ফোন / ডিজিটাল গেজেট আনা যাইবে না।

## ৫। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও নম্বর বিভাজন

নির্ধারিত সিলেবাসের উপর ভিত্তি করিয়া লিখিত ভর্তি পরীক্ষা গ্রহণ করা হইবে। ১ম ও ২য় পত্রে মোট নম্বরের ৪০% MCQ থাকিবে।

বিষয় সমূহের নম্বর বিভাজন নিম্নরূপঃ

পত্র	বিষয়	নম্বর (MCQ)	নম্বর (রচনামূলক)	মোট নম্বর (MCQ ও রচনামূলক সহকারে)
১ম পত্র	পদার্থ বিজ্ঞান	১৫	২৫	৪০
	রসায়ন	১৫	২৫	৪০
	গণিত	১৫	২৫	৪০
	ইংরেজি	১৫	১৫	৩০
২য় পত্র	টেকনিক্যাল বিষয়	৬০	৯০	১৫০
	সর্বমোট =	১২০	১৮০	৩০০



## Dhaka University of Engineering & Technology, Gazipur

1st Year B. Sc. Engg. and Bachelor of Architecture (B.Arch.) Admission Test - 2025  
Session: 2024-2025




### IXR Answer Sheet

Applicant's ID: 10001

Applicant's Name: Devid John

Father's Name: Nithen Richard



Invigilator's Signature

Applicant's Signature



#### INSTRUCTIONS (নির্দেশনাবলী):

১. শুধুমাত্র কালো বলপয়েন্ট কলম ব্যবহার করুন।

২. সঠিক উত্তরের বক্সে ক্রস (X) চিহ্ন দিন।

সঠিক পদ্ধতি: ☐ A ☒ B ☐ C ☐ D ভুল পদ্ধতি: ☒ A ☒ B ☒ C ☒ D

৪. পোট কোড নির্ধারিত স্থানে লেখার পর সংশ্লিষ্ট বক্সে ক্রস (X) চিহ্ন দিন।

SET CODE

A B C D



Physics		Chemistry		Mathematics		English	
Q.N	ANSWER	Q.N	ANSWER	Q.N	ANSWER	Q.N	ANSWER
1.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	11.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	21.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	31.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
2.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	12.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	22.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	32.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
3.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	13.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	23.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	33.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
4.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	14.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	24.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	34.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
5.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	15.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	25.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	35.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
6.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	16.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	26.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	36.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
7.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	17.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	27.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	37.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
8.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	18.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	28.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	38.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
9.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	19.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	29.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	39.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
10.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	20.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	30.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	40.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D

Technical Subject							
Q.N	ANSWER	Q.N	ANSWER	Q.N	ANSWER	Q.N	ANSWER
41.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	51.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	61.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	71.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
42.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	52.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	62.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	72.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
43.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	53.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	63.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	73.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
44.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	54.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	64.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	74.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
45.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	55.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	65.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	75.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
46.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	56.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	66.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	76.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
47.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	57.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	67.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	77.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
48.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	58.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	68.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	78.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
49.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	59.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	69.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	79.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D
50.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	60.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	70.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D	80.	<input type="checkbox"/> A <input checked="" type="checkbox"/> B <input type="checkbox"/> C <input type="checkbox"/> D

### চিত্র-৩: IXR (Intelligent Cross Reader)

চিত্র-৩ এ প্রদর্শিত MCQ পরীক্ষার উত্তরপত্র IXR (Intelligent Cross Reader) পদ্ধতিতে সম্পূর্ণ স্বয়ংক্রিয়ভাবে মূল্যায়ন করা হইবে। MCQ পরীক্ষার উত্তরপত্রে সঠিক অপশন কালো বলপয়েন্ট কলম দিয়া ক্রস (☒ A ☒ B ☒ C ☒ D) চিহ্নিত করিতে হইবে।

### ৬। আবেদনপত্র গ্রহণ ও প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত সময়সূচী

কার্যক্রম	তারিখ ও বার	সময়
আবেদন শুরু	২৮/০৫/২০২৫ খ্রিঃ (বুধবার)	সকাল ০৮.০০ ঘটিকা
আবেদন শেষ	৩০/০৬/২০২৫ খ্রিঃ (সোমবার)	বিকাল ০৪.০০ ঘটিকা
ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	২৪/০৭/২০২৫ খ্রিঃ (বৃহস্পতিবার)	বিকাল ০৪.০০ ঘটিকা
প্রবেশপত্র ডাউনলোড	২৪/০৭/২০২৫ খ্রিঃ (বৃহস্পতিবার) হইতে ০৭/০৮/২০২৫ খ্রিঃ (বৃহস্পতিবার) পর্যন্ত	শেষ তারিখে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত

## ৭। ভর্তির আসন সংখ্যা ও প্রার্থী বাছাইয়ের নিয়ম

ক) প্রার্থী বাছাইয়ের শর্ত সমূহ:

- ভর্তি পরীক্ষায় পাশ নম্বর সর্বমোট নম্বরের (১ম ও ২য় পত্র সহ) শতকরা চল্লিশ (৪০%) হইবে।
- প্রার্থীকে ১ম পত্রে ইংরেজী বিষয়ে MCQ-তে ন্যূনতম শতকরা বিশ (২০%) নম্বর পাইতে হইবে।
- প্রার্থীকে ১ম ও ২য় পত্রে (MCQ ও রচনামূলক সহ) পৃথক পৃথকভাবে ন্যূনতম শতকরা পঁয়ত্রিশ (৩৫%) নম্বর পাইতে হইবে।
- CE, EEE, CSE, TE, Arch, FE ও ChE বিভাগের ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাতালিকা অনুযায়ী স্ব স্ব বিভাগে ভর্তি করা হইবে।
- ME, IPE ও MME বিভাগের ক্ষেত্রে একটি সমন্বিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও পরীক্ষার্থীর পছন্দক্রম অনুসারে উক্ত তিন বিভাগে ভর্তি করা হইবে।

খ) উপরোক্ত শর্ত সাপেক্ষে বিভিন্ন বিভাগে নিম্নে উল্লিখিত নির্ধারিত আসন সংখ্যা অনুযায়ী ভর্তির জন্য প্রার্থী বাছাই করা হইবে।

বিভাগের নাম	আসন সংখ্যা
সিভিল ইঞ্জিনিয়ারিং	১২০ জন
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	১২০ জন
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং	১২০ জন
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	১২০ জন
টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	১২০ জন
আর্কিটেকচার	৩০ জন
ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং	৩০ জন
কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং	৩০ জন
ফুড ইঞ্জিনিয়ারিং	৩০ জন
মেটেরিয়ালস এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং	৩০ জন
সর্বমোট	৭৫০ জন

- গ) একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই নম্বর পাইলে সেইক্ষেত্রে ভর্তি পরীক্ষায় ১ম পত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মেধাস্থান নির্ধারণ করা হইবে। প্রথম পত্রের প্রাপ্ত নম্বরও সমান হইলে যথাক্রমে গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়নে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাস্থান নির্ধারণ করা হইবে।
- ঘ) মুক্তিযোদ্ধার সন্তান ও উপজাতি কোটার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় পাশকৃত প্রার্থীদের মধ্য হইতে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাতালিকা অনুযায়ী আলাদা আলাদা তালিকা করা হইবে। সরকারী সিদ্ধান্ত মোতাবেক জুলাই-আগস্ট ছাত্র জনতার গণঅভ্যুত্থানে গেজেটভুক্ত শহিদ এবং আহত ব্যক্তিদের পরিবারের সদস্যদের জন্য শুধুমাত্র ২০২৫ সালে সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে বিশেষ সুবিধা প্রদান করা যাইবে। সরকার কর্তৃক সিদ্ধান্ত হওয়া সাপেক্ষে পরবর্তীতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হইবে।
- ঙ) কোটা সংক্রান্ত বিষয়ে একাডেমিক কাউন্সিল কর্তৃক কোন সিদ্ধান্ত (পরিবর্তন ও পরিমার্জন) গৃহীত হইলে পরবর্তীতে তাহা অবহিত করা হইবে।

## ৮। আসন সংরক্ষণ

- ক) মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে নির্ধারিত আসনের অতিরিক্ত প্রতি বিভাগে ০২ (দুই) টি করিয়া; এবং আর্কিটেকচার, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফুড ইঞ্জিনিয়ারিং ও মেটেরিয়ালস এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে নির্ধারিত আসনের অতিরিক্ত প্রতি বিভাগে ০১ (এক) টি করিয়া আসন সংরক্ষিত থাকিবে।
- খ) উপজাতিদের জন্য সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রতিটিতে নির্ধারিত আসনের অতিরিক্ত ০২ (দুই) টি করিয়া; এবং আর্কিটেকচার, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফুড ইঞ্জিনিয়ারিং ও মেটেরিয়ালস এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে নির্ধারিত আসনের অতিরিক্ত ০১ (এক) টি করিয়া আসন সংরক্ষিত থাকিবে।
